

Free English classes with We Speak NYC!




We Speak NYC (WSNYC) হলো সিটি সরকারের একটি বিনামূল্যের ইংরেজি ভাষা শেখার কার্যক্রম, যা অভিবাসী বিষয়ক মেয়রের কার্যালয় (**MOIA**) কর্তৃক তৈরি ও পরিচালিত হয়।

WSNYC কথোপকথন ক্লাসের আয়োজন করে, যেখানে অংশগ্রহণকারীরা অভিবাসীদের অধিকার, সিটি সরকার প্রদত্ত বিভিন্ন পরিষেবা ও নাগরিক সম্পৃক্ততা সম্পর্কে জানার পাশাপাশি ইংরেজিতে কথা বলার অনুশীলন করতে পারেন।


৮ সপ্তাহব্যাপী চলা এই ক্লাসগুলো সপ্তাহে একবার অনুষ্ঠিত হয়। প্রতি সপ্তাহে, আমরা আমাদের পুরস্কার-বিজয়ী ভিডিও সিরিজের একটি নতুন পর্ব দেখতে ও আলোচনা করতে দুই ঘণ্টার জন্য একত্রিত হই। এই ভিডিওগুলো শিক্ষার্থীদের ইংরেজি শেখার দক্ষতার পাশাপাশি নিউ ইয়র্ক সিটির সংস্কৃতি ও সুযোগ-সুবিধা সম্পর্কে জ্ঞান বাড়াতে সাহায্য করে। এই ক্লাসে অংশ নেয়ার জন্য কোনো নির্দিষ্ট স্তরের ইংরেজি ভাষা-দক্ষতার প্রয়োজন নেই, তবে এখানে ব্যবহৃত উপকরণগুলো শিক্ষানবিশ থেকে মধ্যবর্তী স্তরের শিক্ষার্থীদের জন্য সবচেয়ে বেশি উপযোগী।

আমরা পাঁচটি বরো জুড়েই বিভিন্ন কমিউনিটি সংগঠন, স্কুল, ধর্মীয় প্রতিষ্ঠান এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক লাইব্রেরিতে সশরীরে উপস্থিতির ক্লাসের ব্যবস্থা করে থাকি। ক্লাসের সময়সূচি দেখতে ও আপনার নিকটতম সশরীরে উপস্থিত হয়ে ক্লাস করতে চাইলে আমাদের ওয়েবসাইট দেখুন।



অংশীদারদের জন্য:


আপনি কি একটি ক্লাস আয়োজন করতে চান? আমাদের ওয়েবসাইটে অংশীদারি চুক্তির আবেদনপত্রটি পূরণ করুন।



অংশীদার হওয়া খুবই সহজ। আমাদের দল সানন্দে আপনাকে পুরো প্রক্রিয়াটি ধাপে ধাপে বুঝিয়ে দেবে।

স্বেচ্ছাসেবকদের জন্য:

ইংরেজি কথোপকথন ক্লাস পরিচালনা করার জন্য আমাদের সঙ্গে স্বেচ্ছাসেবক হিসেবে যোগ দিন! পূর্ববর্তী শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে ভালো, তবে তা আবশ্যিক নয়। আমাদের ওয়েবসাইটে থাকা স্বেচ্ছাসেবক ফ্যাসিলিটেটর আবেদনপত্রটি পূরণ করুন, আমরা আপনাকে আসন্ন প্রশিক্ষণের তারিখ জানিয়ে দেব। প্রশিক্ষণটি জুম-এ ২ ঘণ্টার জন্য হয়ে থাকে ও মাসে একবার অনুষ্ঠিত হয়।



কোনো প্রশ্ন আছে? আমাদের সঙ্গে যোগাযোগ করুন:
wespeaknyc@cityhall.nyc.gov



ক্লাস খুঁজে নিন:
nyc.gov/wespeaknyc